



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.০৬.০০১.১৮.১৩৭

তারিখ: ৮ অগ্রহাষণ ১৪২৭
২৩ নভেম্বর ২০২০

বিষয়: বর্তমান করোনা পরিস্থিতিতে আইসিটি বিভাগ কর্তৃক চালুকৃত 'করোনা ট্রেসার বিডি' অ্যাপ ব্যবহারের উদ্যোগ গ্রহণ।
সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং ৫৬.০০.০০০০.০২৯.৩২.০০৩.২০.১৫১ তারিখ ১৬ নভেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে, সারাদেশে করোনা ভাইরাসের বিস্তার রোধে নাগরিকদের জন্য আইসিটি বিভাগ 'করোনা ট্রেসার বিডি' অ্যাপ তৈরি করেছে। গত ৪ জুন ২০২০ তারিখ অনলাইন প্ল্যাটফর্ম জুম-এর মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি অ্যাপটি উদ্বোধন করেছেন। যা প্রাথমিক পর্যায়ে পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে।

২। উল্লেখ্য যে, স্বাস্থ্য অধিদপ্তর, আইইডিসিআর, এটুআই, এসডিএমজিএ ও সহজ লিমিটেড-এর সহযোগিতায় তৈরিকৃত অ্যাপটি করোনা পজিটিভ ব্যক্তিদের শনাক্ত করার চেষ্টা করবে এবং পারস্পারিক সংস্পর্শে আসা ব্যক্তিদের ঝুঁকি সম্পর্কে অবহিত করবে। এক-দুই মিটারের মধ্যে থাকা করোনা ভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের হিষ্টিংগুলো ডাটাবেজে পাঠাবে। কেউ যদি আক্রান্তের কাছাকাছি চলে যায় তাহলে সে স্মার্টফোনে অ্যালার্ট ম্যাসেজ পাবে। এছাড়া সংস্পর্শে আসা ব্যক্তির যদি কয়েক দিন পরও করোনা পজিটিভ হয় তাহলেও স্মার্টফোন থেকে সতর্কবার্তা পাওয়া যাবে। স্মার্টফোন থেকে (<https://play.google.com/store/apps/details?id=com.shohoz.tracer>) এই লিংকে ক্লিক করে অ্যাপটি ডাউনলোড করা যাবে।

৩। যেহেতু কোভিড-১৯ সংক্রমণের ঝুঁকি এখনো বিদ্যমান এবং কোভিড-১৯ এর ২য় ঢেউয়ে ব্যাপক সংখ্যক জনসাধারণের আক্রান্ত হওয়ার আশংকা দেখা দিয়েছে সেহেতু, এ মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীকে অ্যাপটি ব্যবহারের পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী মহামারী / আপদকাল মোকাবেলায় সম্ভাব্য পদক্ষেপ হিসেবে 'করোনা ট্রেসার বিডি' অ্যাপ ব্যবহারের নির্দেশনা আছে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৩-১১-২০২০

মোঃ ইলিয়াস হোসেন

সিস্টেম এনালিস্ট

ফোন: ৯৫৪৫৪৫৯

ইমেইল: sa@mofl.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) কর্মকর্তা (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ২) সংস্থা প্রধান (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.০৬.০০১.১৮.১৩৭/১(৩)

তারিখ: ৮ অগ্রহাষণ ১৪২৭
২৩ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) অফিস কপি।

২৩-১১-২০২০

মোঃ ইলিয়াস হোসেন

সিস্টেম এনালিস্ট